

আসল সত্য

কলমকাঠি চালের ভাত মাটির হাঁড়িতে রান্না
আর উনুনের আগুন
এই সব নিয়ে কথা হয়েছিলো আড়িয়াদহে
তুমি বলেছিলে এগুলি মহৌষধ, প্রাণের ভেষজ।
গুগলি ও শুশনিশাক পুঁটিমাছ
শিলে হলুদবাটা তোমার হাত আমি দেখতে চেয়েছিলাম
আমার মানভূমে ৮ বিঘা জমি ও পুকুর আছে
আছে খড়ছাওয়া মাটির বাড়িটি
অতীতের বাংলা কবিতায় ঠিক ব্রাত্য কবি কুমুদরঞ্জন

তুমি তখন রবীন্দ্রভারতীতে হিষ্টিতে এম.এ. করছো
আর শিখছো গান একটি দুটি নতুন কবিতা
বারবার তোমার ছন্দ কেটে যাচ্ছে
দ্বিতীয় দিন বললে---
কেন আপনি এম.এস.সি. করলেন না?

তার মানে এম.এস.সি সত্য একটি বড় চাকুরি সত্য
সত্য নয় আমার দেড় হাজার কবিতা।
মানভূমের গ্রামের এই আট বিঘা জমি, মাটির বাড়িটি।

দ্র পতি

